

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
টেলিযোগাযোগ অধিদপ্তর  
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের ২৯ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ কামরুজ্জামান অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযোগ অধিদপ্তর।
সভার তারিখ	২৩/০৯/২০২১ খ্রিঃ
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা।
উপস্থিতি	অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	আগষ্ট, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়করণ	সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণের সর্বসম্মতিগত ২৬/০৮/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় চাওয়া হলে কোন সংশোধন না থাকায় গত ২৬/০৮/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা যায়।	কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত ২৬/০৮/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।	অধিদপ্তরের সকল কর্মকর্তা
০২	সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন অপারেশনাল কার্যক্রম	সিটিডিআর সেন্টারের বন্ধ করার পরও ক্যাশ সার্ভারের মাধ্যমে দেখা যাওয়ার বিষয়ে বিটিআরসিকে পত্র দেয়া হয়। সিটিডিআর সেন্টারের SoP প্রণয়নের জন্য গঠিত কমিটির একজন সদস্যের কোভিড-১৯ আক্রান্ত হওয়ায় যথাসময়ে প্রতিবেদন প্রদান করা সম্ভব হয়নি। সিটিডিআর সেন্টারের ট্রাফিক ভলিউম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। গুলশানে মেডিয়েশন সার্ভারের কারিগরি নিরসণ করা হয়েছে। আদালতের নির্দেশনামোতাবেক ৫৯ টি আইপিটিভি ব্লক করা হয়েছে। বেশ কিছু নতুন/ বিদ্যমান আইআইজির সংযোগ/ শিফটিং রিকোয়েস্ট পাওয়া গিয়েছে।	শক্তিকর কন্টেন্ট বন্ধে সমস্যার বিষয়ে বিটিআরসিকে পত্র দিতে হবে। পূর্ববর্তী সভার অগ্রগতি প্রতিবেদন সভার এজেন্ডার সহিত জমা দিতে হবে। আগামী এক সপ্তাহের মধ্যে সিটিডিআর সেন্টারের প্রণীতব্য খসড়া SoP মহাপরিচালক মহোদয়কে দেখাতে হবে। সিটিডিআর সেন্টারের বিভিন্ন স্থাপনার কারিগরি ত্রুটি দ্রুত নিরসণের কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে নির্ধারিত হকে পিটিডি থেকে প্রেরিতব্য সাইবার নিরাপত্তা হুমকিজনিত প্রতিবেদন সিটিডিআর সেন্টার প্রেরণ করবে।	পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) এবং অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার

০৩	সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পের প্রতিবেদন।	প্রকল্পের আওতাভুক্ত স্কুলের তালিকা চূড়ান্তকরণ ও প্রকল্পের সকল কাজের ক্রয়াদেশ প্রদান করা হয়েছে। কিন্তু ডিজিটাল কন্টেন্টের জটিলতা নিরসণ না হওয়ায় প্রকল্পের কাজ তেমে আছে। ১৯/০৮/২০২১ তারিখে মাননীয় মন্ত্রি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মাননীয় প্রতিমন্ত্রি, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, দুই বিভাগের সচিব, ডিওটি ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ডিজি এবং এনসিটিবি ও এনএপিই'র চেয়ারম্যানগণের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে এনসিটিবিতে জমাকৃত খসড়া কন্টেন্ট নিয়ে প্রকল্পের উদ্যোগে দিনব্যাপী এনসিটিবিতে কর্মশালা অনুষ্ঠিত হয়। কন্টেন্টের বিষয়ে একটি সুপারিশমালা তৈরি করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।	প্রকল্পের ডিজিটাল কন্টেন্ট চূড়ান্ত হলে প্রকল্পের কাজ অগ্রগামী হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরিত কন্টেন্ট বিষয়ক সুপারিশমালার বিষয়ে প্রকল্প কার্যালয় থেকে নিবিড় যোগাযোগ রাখতে হবে। প্রকল্পের কাজের গুনগত মান বজায় রাখার নিমিত্তে সকল কাজ যেন চুক্তিপত্র মোতাবেক সম্পন্ন হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। কাজে থার্ড পার্টির সংশ্লেষ থাকলে তাঁদের কাজ বুঝে নেওয়ার বিষয়ে আরও সচেতন থাকতে হবে।	পরিচালক (আন্তর্জাতিক টেলিকম সংস্থা) এবং প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব
০৪	আগষ্ট/ ২০২১ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা	প্রতি মাসে কর্মচারীগণের অনুপস্থিতির তালিকা (Absentee Statement) অর্থ শাখায় প্রেরণের জন্য প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কারণে লক ডাউনে পেন্ডিং আবেদনের সংখ্যা কমে এসেছে। ছুটি ও পাসপোর্ট সেবা অন্তর্ভুক্ত করা ভাল ফলাফল পাওয়া যাচ্ছে। কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি, সিলেকশন গ্রেড, টাইমস্কেল মঞ্জুরী সংক্রান্ত সেবা মনিটরিংয়ে অন্তর্ভুক্ত করা যেতে পারে। জিপিএফ মঞ্জুরীর নিমিত্তে এজি অফিসের ইস্যুকৃত জিপিএপ স্লীপে তথ্যগত ভুল পাওয়া যাচ্ছে।	প্রতি মাসের ২০ তারিখে পূর্ববর্তী মাসের অনুপস্থিতির তালিকা সংশ্লিষ্ট দপ্তরসমূহ থেকে সরাসরি অর্থ শাখায় প্রেরণ করে অনুলিপি প্রশাসন শাখায় প্রদান করবে। সেবা প্রত্যাশীগণকে প্রদত্ত সেবাসমূহ নিশ্চিতকরণে প্রশাসন ও অর্থ শাখা ডিওটির সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যার ব্যবহারের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে। কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতি, সিলেকশন গ্রেড, টাইমস্কেল মঞ্জুরী এবং মন্ত্রণালয়ে অগ্রায়নের বিষয়ে সমস্যা থাকলে সভায় এজেন্ডাভুক্ত করে আলোচনা করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও আহ্বায়ক, সেবা মনিটরিং কমিটি/ পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (নিয়োগ)
০৫	পদোন্নতি, সিলেকশন গ্রেড, উচ্চতর গ্রেড ও টাইমস্কেল মঞ্জুরী সংক্রান্ত	বিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতি প্রস্তাবের বিভাগীয় মামলার তথ্য, এসিআর তথ্য, এসিআর লিয়েনের তথ্য সংশ্লিষ্ট শাখা থেকে পাওয়া যায়নি। উপবিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতির প্রস্তাব উপসহকারী প্রকৌশলী পদে স্থায়ীকরণ সংক্রান্ত তথ্য না থাকায় প্রেরণ করা সম্ভব হয়নি। ৩২ জন চলতি দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রকৌশলীর নিয়মিতকরণের প্রস্তাব উপসহকারী প্রকৌশলী পদে স্থায়ীকরণ সংক্রান্ত তথ্য না থাকায় প্রেরণ করা সম্ভব হয়নি। বিটিটিবি, বিটিসিএল এবং ডিওটি ইত্যাদি সংস্থা পুনর্গঠনকালে কর্মকর্তা-কর্মচারীগণের তথ্যের প্রশাসনিক জটিলতা তৈরি হয়।	কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতি, সিলেকশন গ্রেড, উচ্চতর গ্রেড ও টাইমস্কেল মঞ্জুরী এবং মন্ত্রণালয়ে অগ্রায়নের বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণে যেন কোন হয়রানি না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। এতদ সংক্রান্ত বিষয়ে সমস্যা থাকলে সভায় নিয়মিত এজেন্ডাভুক্ত করে আলোচনা করতে হবে। যেকোন ধরনের প্রস্তাব তৈরিতে নিয়োগ শাখার তথ্য প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা পর্যায়ে চাহিদাকৃত তথ্য প্রদান নিশ্চিত করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (নিয়োগ)

০৬	অধিদপ্তরের ভান্ডার ব্যবস্থাপনা ও পরিবহন ব্যবস্থাপনার অটোমেটেশন কার্যক্রম	Store Inventory Management & Transport Requisition সফটওয়্যারের পেন্ডিং আইটেমসমূহের কাজ সম্পন্ন করে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার M/S Chromosys পরিচালক (প্রশাসন) বরাবর পত্র দিয়েছে যা পিএটি কমিটির নিকট যাচাই বাছাইয়ের নিমিত্তে প্রেরণ করা হয়। উক্ত সিস্টেম চালুর উপযোগী করণের নিমিত্তে বর্তমানে বেশ কিছু সমস্যা পরিলক্ষিত হয়েছে যা নিরসনের জন্য ঠিকাদারকে অবগত করা হয়েছে। ঠিকাদার নির্দেশনামত সবকিছু ঠিক করলে কমিটি সফটওয়্যারটি চালুর সুপারিশ করতে পারে।	Store Inventory Management & Transport Requisition সফটওয়্যার অবিলম্বে চালুর নিমিত্তে ঠিকাদার M/S Chromosys কে পেন্ডিং আইটেমসমূহের কাজ অবিলম্বে সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করতে হবে এবং পিএটি কমিটি তা পরীক্ষা নিরীক্ষা করে চালুর নিমিত্তে প্রয়োজনীয় সুপারিশমালা প্রদান করবে।	পরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা ও টেলিকম নিরাপত্তা) ও আহ্বায়ক, পিএটি কমিটি/ পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)
০৭	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)	ক) দেশের টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সেবা ও পদ্ধতিতে প্রমিত মান নিশ্চিতকরণে ডিওটির কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। খ) সরকারি ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনাপূর্বক ডাক ও টেলিযোগাযোগ বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।	ক) দেশের টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সেবা ও পদ্ধতিতে প্রমিত মান নিশ্চিত করণে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। খ) সরকারি ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনার নিমিত্তে প্রস্তাবনা মোতাবেক কাজ শুরুর দাপ্তরিক আদেশের ভিত্তিতে ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) ও আহ্বায়ক, গঠিত কমিটি
০৮	সম্পদ বিবরণী দাখিল ও স্থাবর/ অস্থাবর সম্পত্তি অর্জন বা বিক্রয় সংক্রান্ত বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ	জনপ্রশাসন মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রেরিত পত্রখানা সংযুক্ত করে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের (প্রেমণেসহ) সম্পদের বিবরণী নির্ধারিত ছকে অধিদপ্তরে প্রেরণের জন্য বিটিআরসি, বিটিসিএল, টেলিটক, সাবমেরিন ক্যাবল, টেশিস, বাকেশি, বিটিআরসির কেন্দ্রীয় কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।	অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন সংস্থায় প্রেষণে/ লিয়েনে কর্মরত ডিওটির কর্মকর্তা-কর্মচারীগণের সম্পদের বিবরণী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে আগামী ৩০ নভেম্বর, ২০২১ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে। এবিষয়ে একটি দাপ্তরিক আদেশ জারী করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)

০৯	বিবিধ	ক) কোভিড-১৯ লকডাউন চলাকালীন অধিদপ্তরের কয়েকজন কর্মকর্তা অবসরে গেছেন যাদের বিদায় সম্বর্ধনা দেয়া হয়নি। এছাড়া অচিরেই পরিচালক (অর্থ) অবসরে যাবেন। ফলে কর্মকর্তাগণকে বিদায়ী সম্বর্ধনা প্রদান করা যেতে পারে। খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের নিয়োগ ও পদোন্নতি বিধিমালা অচিরেই লেজিসলেটিভ উইংয়ে ভেটিংয়ের জন্য যাবে বলে আশা করা যায়। ফলে সরকারী এসআরও জারীর পর অধিদপ্তরের গৃহীতব্য কার্যক্রমের বিষয়ে পূর্ব প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। গ) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার কার্যালয়ের বিবিধ বিলের প্রশাসনিক মঞ্জুরীপত্র তৈরি ও জারীর নিমিত্তে হিসাব সংশ্লিষ্ট কাজে একজন উপযুক্ত কর্মকর্তার পদায়ন করা প্রয়োজন।	ক) পরিচালক (অর্থ) সহ কোভিড-১৯ লকডাউন চলাকালীন বিদায়ী অধিদপ্তরের কর্মকর্তাগণকে সুবিধাজনক সময়ে একটি বিদায় সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে। খ) নন-ক্যাডার কর্মকর্তা-কর্মচারীর গ্রেডেশন তালিকা দ্রুত প্রস্তুত করার নিমিত্তে খসড়া তালিকা প্রস্তুত করে আপত্তি/ সংশোধনী প্রস্তাবের জন্য ওয়েব সাইটে ও সংশ্লিষ্ট সকল মহলে প্রেরণ করতে হবে। পদোন্নতির জন্য গ্রেডেশন তালিকা হালনাগাদ করতে হবে। পদোন্নতির জন্য যেসকল ক্ষেত্রে পরীক্ষা প্রয়োজন কিন্তু গ্রেডেশন দরকার নেই সেসকল ক্ষেত্রে দ্রুত কমিটি গঠন করে সিলেবাস প্রণয়ন করতে হবে। গ) পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও সিটিডিআর সেন্টারে বর্তমানে সংযুক্তক্রমে পদায়িত জনাব মোঃ আবদুল হাম্মান ভূঞা, উর্দ্ধতন হিসাব রক্ষক (চঃদাঃ) কে প্রত্যাহার করে সহকারী পরিচালক (বাজেট) জনাব মোঃ শাহিনুল হাসানকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে পদায়নের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন)  পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (নিয়োগ)  পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (নিয়োগ)
----	-------	--	---	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ কামরুজ্জামান  
অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ  
বিভাগ এবং মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব),  
টেলিযোগাযোগ অধিদপ্তর।


স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৮২

তারিখ: ২ কার্তিক ১৪২৮

১৮ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষক কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭) অফিস কপি।



আহাম্মদ উল্লাহ  
উপপরিচালক